

# গ্র্যান্ড ক্রস অব দ্য অর্ডার অব অনার পেলেন প্রধানমন্ত্রী

25 শে আগস্ট, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে ২৫শে আগস্ট ২০২৩ এ গ্রীসের রাষ্ট্রপতি মহামান্য ক্যাটারিনা এন সাকেলারোপোলু গ্র্যান্ড ক্রস অফ দ্য অর্ডার অফ অনার প্রদান করেন। তিনিই প্রথম বিদেশী সরকার প্রধান যিনি এই সম্মান লাভ করেন।

২. প্রধানমন্ত্রী ভারতের জনগণের পক্ষ থেকে এই বিশেষ সম্মানের জন্য রাষ্ট্রপতি সাকেলারোপোলু এবং গ্রীসের সরকার ও জনগণকে ধন্যবাদ জানান।

৩. এথেন্সের প্রেসিডেন্সিয়াল ম্যানশনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়।

এথেন্স

25শে আগস্ট, 2023